

ঢাকা ওয়াসা

বিষয়: "Repairing & Maintenance of Dewatering Pump of Different Water Trolley of MODS Zone-8, Dhaka WASA." কাজ প্রসঙ্গে।

সংযুক্তি নং-১। ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র জোনের বরাদ্দকৃত বাজেটের কপি।

সংযুক্তি নং-২। বাজার দরের কপি।

সংযুক্তি নং-৩। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি নং-৪। আলোচ্য কাজের প্রতিবেদন।

১। অনুগ্রহ করে সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৪ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর অনুকূলে ২ টি ৬০০০ লিটার, ১ টি ৫০০০ লিটার এবং ২টি ৩০০০ লিটার মোট ৫ টি পানির গাড়ী রয়েছে। বরাদ্দ পাওয়ার পর হতেই পানির গাড়ীগুলো দ্বারা গ্রাহকদের নিকট পানি সরবরাহ করা হচ্ছে। প্রতিটি পানির গাড়ীতে একটি করে ডি-ওয়াটারিং পাম্প রয়েছে। ডি-ওয়াটারিং পাম্প সমূহ পর্যায়ক্রমে ৭ এইচ.পি., ৮ এইচ.পি. এবং ৮.৫ এইচ.পি.। বর্তমানে ৩টি ডিওয়াটারিং পাম্প নষ্ট হয়ে গেছে। ফলে গ্রাহকদের নিকট পানির গাড়ী দ্বারা পানি সরবরাহ করা ব্যাহত হচ্ছে কাজেই জরুরি ভিত্তিতে ৩টি ডি-ওয়াটারিং পাম্প মেরামত করা প্রয়োজন। ৩টি ডি-ওয়াটারিং পাম্প মেরামত করার জন্য বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৯৫০/- (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র (ক্রঃ নং-৩ দ্রঃ)। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৮ এর অনুকূলে ২০২৪-২০২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অফিস রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে (ক্রঃ নং-১ দ্রঃ)।

২। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১ এর বর্ণনালোকে "Repairing & Maintenance of Dewatering Pump of Different Water Trolley of MODS Zone-8, Dhaka WASA." কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় খাতে মোট ২৪,৯৫০/- (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে, যা ক্রয় শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, যা সর্বিনয়ে পেশ করা হলো।

৬৩/জোন-৮
২০/০৪/২৫

[Signature]
০৭/০৪/২৫
শেখ আহমেদ সাঈদ সাব্বি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

[Signature]
০৭/০৪/২৫
মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

[Signature]
০৭/০৪/২৫
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

[Signature]
০৭/০৪/২৫
SE/MODS Circle 2
প্রকৌশলী মোঃ শাহ আল
ভ্রমাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

০৬

[Signature]
২৭/০৪
২০২৪
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।